



চিটগাং ড্রাই ডক লিমিটেড (সিডিডিএল)

চিটগাং ড্রাই ডক লিমিটেড, চিটগাম, বাংলাদেশ

Job Category: Teaching/Academics

Job Source: ০০০০ ০০০০

Job Summary

Posted On: 11 Sep 2024

Application Deadline: 30 Sep 2024

Chittagong Dry Dock Limited Bangladesh Navy East Patenga, Chattogram, Bangladesh Phone: +880-2333301130, Mobile: +8801769744437 Fax: +880-233-3301123, E-mail: cddlnavyschool@gmail.com, Website: www.cddl.gov.bd		২৬ ভাদ্র ১৪৩১/১০ সেপ্টেম্বর ২০২৪		
নিয়োগ বিজ্ঞপ্তি				
চিটগাং ড্রাই ডক লিমিটেড (সিডিডিএল) কর্তৃক পরিচালিত শিক্ষাপ্রতিষ্ঠান সিডিডিএল নৌবাহিনী বিদ্যালয়ে অস্থায়ী ভিত্তিতে প্রাতিষ্ঠানিক বেতনে নিম্নোক্ত পদে শিক্ষক ও কর্মচারী নিয়োগের জন্য যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:				
ক্রমিক	পদের নাম	সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	বেতন
০১।	সহকারী শিক্ষক (বাংলা)	০১	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাংলা বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর ডিগ্রি। অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাংলাসহ দ্বিতীয় শ্রেণির স্নাতক/সমমান ডিগ্রি। তবে শিক্ষাজীবনের কোনো স্তরেই তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।	আলোচনা সাপেক্ষে
০২।	সহকারী শিক্ষক (ইংরেজি)	০১	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইংরেজি বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর ডিগ্রি। অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইংরেজিসহ দ্বিতীয় শ্রেণির স্নাতক/সমমান ডিগ্রি। তবে শিক্ষাজীবনের কোনো স্তরেই তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।	আলোচনা সাপেক্ষে
০৩।	অফিস সহকারী কাম হিসাব সহকারী	০১	শিক্ষাবোর্ড হতে এইচ.এস.সি (ব্যবসায় শিক্ষা)/সমমান। কম্পিউটার অপারেটিং-এ দক্ষতা থাকতে হবে। তবে শিক্ষাজীবনের কোনো স্তরেই তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।	আলোচনা সাপেক্ষে
০৪।	পরিচ্ছন্নতাকর্মী	০১	ন্যূনতম ৮ম শ্রেণি পাশ হতে হবে।	আলোচনা সাপেক্ষে
<p>১। আত্মহী প্রার্থীদেরকে আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৪ তারিখের মধ্যে শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র, জাতীয় পরিচয়পত্র, জাতীয়তা সনদপত্র ও অভিজ্ঞতার সনদপত্রের (প্রয়োজ্য ক্ষেত্রে) সত্যায়িত অনুলিপি সহ “সভাপতি, সিডিডিএল নৌবাহিনী বিদ্যালয়” সিডিডিএল হাউজিং কলোনি, উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম বরাবর স্বহস্তে লিখিত আবেদনপত্র বিদ্যালয়ের ঠিকানায় সরাসরি/ডাকযোগে প্রেরণ করতে হবে। উল্লেখ্য, আবেদনপত্র ও সনদপত্রসমূহ স্ক্যান করে cddlnavyschool@gmail.com ঠিকানায় ইমেইল করেও আবেদন করা যাবে।</p> <p>২। সরাসরি/ডাকযোগে আবেদনের ক্ষেত্রে খামের উপর এবং ইমেইলে আবেদনের ক্ষেত্রে সাবজেক্টের জায়গায় আবেদনকৃত পদের নাম এবং বিজ্ঞপ্তির সূত্র নম্বর উল্লেখ করতে হবে।</p> <p>৩। আবেদনপত্রের সাথে সম্প্রতি তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি এবং উপরে বর্ণিত ক্রমিক ১ ও ২ এ উল্লিখিত পদে আবেদনকারীগণকে টাকা ৩০০.০০ এবং ক্রমিক ৩ ও ৪ এ উল্লিখিত পদে আবেদনকারীগণকে টাকা ২০০.০০ ‘সিডিডিএল নৌবাহিনী বিদ্যালয়’ এর নামে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে। ইমেইলে আবেদনের ক্ষেত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূল কপি পরীক্ষার দিন সাথে আনতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।</p> <p>৪। শিক্ষকতার পূর্ব অভিজ্ঞতা, নিবন্ধন ও বিএড প্রশিক্ষণ থাকলে অগ্রাধিকারযোগ্য। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ দেওয়া হবে না। অসম্পূর্ণ, ক্রটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।</p> <p>৫। কোনো প্রার্থী সিডিডিএল অথবা সরকারি কোনো চাকরি থেকে বহিষ্কৃত হলে তিনি চাকরিতে আবেদনের অযোগ্য হিসেবে বিবেচিত হবেন।</p> <p>৬। বাছাই/নিয়োগ প্রক্রিয়ার ক্ষেত্রে সিডিডিএল কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। তাছাড়া, বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি বা সম্পূর্ণ বিজ্ঞপ্তি বা এর অংশবিশেষ সংশোধন/বাতিল/প্রত্যাহারের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।</p> <p>৭। কোনো ধরনের ফৌজদারি বা অন্য কোনো মামলায় অভিযুক্ত বা দণ্ডিত হলে কিংবা কোনো সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত/রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠানের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকলে তিনি সিডিডিএল এর চাকরিতে আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন।</p>				
নং-১২৯/০৯		সভাপতি সিডিডিএল নৌবাহিনী বিদ্যালয়		